

## লোকজন আছে এমন জায়গাগুলিকে কাজের জায়গাগুলি থেকে শারীরিকভাবে আলাদা করুন

জনবহুল বিল্ডিং-এর ভেতর কাজ করার সময় সেখানে অস্থায়ী শারীরিক প্রতিবন্ধক তৈরি করার মাধ্যমে কর্মক্ষেত্রটি আলাদা করতে হবে। এই প্রতিবন্ধকগুলো নির্মাণ এলাকা ও জনবহুল এলাকার মধ্যে ও চলাচলের স্থানের উপর প্লাইউড এবং পলিইথিলিন প্লাস্টিক দিয়ে তৈরি করতে হবে। দুই স্তর বিশিষ্ট প্রতিবন্ধক তৈরি করার জন্য, যে পাশে নির্মাণের কাজ চলছে সেই দিকে এবং যে পাশে মানুষজন আছে সেই পাশেও নির্মাণের প্রতিবন্ধকগুলোকে পলিইথিলিন প্লাস্টিক ও ডাক্ট টেপ দিয়ে সীল করে দিতে হবে।

নির্মাণ এলাকা ও জনবহুল এলাকাগুলোর মধ্যে যেসকল এলাকায় দূষণকারী পদার্থ যাতায়াত করে সেগুলো পরীক্ষা করতে হবে ও সীল করে দিতে হবে। এই এলাকাগুলোর মধ্যে রয়েছে, তবে শুধু এগুলোতেই সীমাবদ্ধ নয়:



- ক্রলস্পেস
- ভাগাভাগি করে ব্যবহার করা হয় এমন দেওয়ালের বৈদ্যুতিক আউটলেট ও আলোর সুইচ
- দেওয়ালগুলোর মধ্যবর্তী পাইপ ও বৈদ্যুতিক নল
- ভেন্টিলেশন সিস্টেমের ডাক্টওয়ার্ক
- ভেতরের দেওয়ালের গর্ত এবং/অথবা ভেতরের দেওয়ালের উপরের খালি জায়গা এবং ছাদ/মেঝের ডেক (যেমন সিলিং-এর টাইল সিস্টেমের উপরের খালি জায়গা)।

বিভিন্ন অবস্থায় বাইরে চলা নির্মাণ কাজের ফলে সৃষ্ট দূষণকারী পদার্থ ভেতরে চলে আসতে পারে। বাইরের দূষণকারী পদার্থ ভেতরে চলে আসা হ্রাস করতে নিম্নলিখিত সুপারিশগুলো করা হয়ে থাকে:

- বাইরের নির্মাণকাজের ফলে সৃষ্ট দূষণকারী পদার্থগুলোর ভেতরে প্রবেশ করা প্রতিরোধ করতে ওয়েদার স্ট্রিপিং ও ডোর সুইপ দিয়ে বাইরের দরজাগুলো সীল করে দিন।
- বস্তুকণা থেকে অ্যারোসল তৈরি কমাতে, বিল্ডিং-এর খুব কাছাকাছি থাকা ময়লা/আবর্জনার স্তুপকে তেরপল দিয়ে ঢেকে দিন বা ময়লা/আবর্জনাকে ভিজিয়ে দিন।
- নির্মাণকাল চলাকালীন বাতাসে বেশি পরিমাণ বস্তুকণা সৃষ্টি হওয়ার সময় বাড়িওয়ালা বা কন্সট্রাক্টরদেরকে জানালা সীল করে দিতে হবে।
- সংস্কারকাজের ফলে যেসকল এলাকা বেশি প্রভাবিত হয় সেখানে নিয়মিতভাবে HVAC ফিল্টারগুলো পরিবর্তন করুন। আরও কার্যকর ফিল্টার ব্যবহার করার বিষয়টি বিবেচনা করুন।
- নির্মাণকাজের যে সময়টাতে বেশি পরিমাণ বাইরের দূষণকারী পদার্থ তৈরি হয় তখন HVAC সিস্টেমগুলো সাময়িকভাবে নিষ্ক্রিয় করে রাখুন। যদি 1 দিনের বেশি সময় ধরে কাজ চলে, তবে প্রভাবিত এলাকাগুলোতে হাওয়া চলাচলের জন্য বিকল্প উপায় সরবরাহ করা উচিত। যদি তা সম্ভব না হয়, তবে এই এলাকাগুলোতে কাজকর্মকে অন্যত্র স্থানান্তরিত করার বিষয়টি বিবেচনা করা উচিত।



অনুগ্রহ করে মনে রাখবেন, উপরে বর্ণিত তথ্যগুলো শিল্পের সেরা অনুশীলনের জন্য যেসকল সুপারিশ করা হয়েছে তার একটি সংকলন।